গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
(এপিএ সেল)
www.rdcd.gov.bd

স্মারক নং : ৪৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৭.১৯-১৭৬

তারিখ : ২৫ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ।
১০ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর ৮.১ কার্যক্রমের "স্ব স্ব সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর ৮.১. কার্যক্রমের স্ব স্ব সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণের নিমিত্ত কমিটি গঠন ও কমিটি কর্তৃক দাখিলকৃত ১টি প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি:...০৫ (পাঁচ)...পাতা।

(সিদ্ধার্থ শংকর কুন্ডু)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৯
e-mail: apa.rdcd@gmail.com

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ।
(দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা)।

অনুলিপি :-

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০২। অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

শুদ্ধাচার শাখা
তারিখ ..........
মন্ত্রিপরিষদ বিভাগ

# পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

## সিটিজেন চার্টার পরিবীক্ষণ প্রতিবেদন (জুলাই, ২০১৯- সেপ্টেম্বর, ২০১৯)

প্রাতিষ্ঠানিক সেবা:

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | বিভিন্ন পল্লী উন্নয়ন প্রকল্পে নিয়োজিত বিদেশী নাগরিকদের ভিসার মেয়াদ বৃদ্ধি এবং নিরাপত্তা বিষয়ক ছাড়পত্র প্রদান | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রস্তাব পাওয়া সাপেক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণ পূর্বক ভিসার মেয়াদ বৃদ্ধি এবং নিরাপত্তার ছাড়পত্র এ বিভাগ হতে প্রদান করা হয়ে থাকে। | বর্তমানে এ বিভাগের কোন প্রকল্পে বিদেশী নাগরিক কর্মরত নেই। তাই এ সেবা প্রদান করা হচ্ছে না। |
| ২ | জাতীয় সমবায় পুরস্কার মনোনয়ন ও প্রদান | ক) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বিভিন্ন পর্যায়ের বাছাই কমিটির নিকট যথাসময়ে ছক প্রেরণ করবে।<br>খ) উপজেলা কমিটি কর্তৃক শ্রেষ্ঠ সমিতি/ শ্রেষ্ঠ সমবায়ীর নাম পর্যায়ক্রমে জেলা এবং বিভাগীয় কমিটি কর্তৃক বাছাইয়ের পর জাতীয় কমিটি কর্তৃক চূড়ান্তভাবে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ সমবায়ি/সমিতি চূড়ান্তভাবে নির্বাচন করা হয়ে থাকে।<br>গ) জাতীয় কমিটি বিশেষ বিবেচনায়, অধিকতর তথ্য ও অনুসন্ধানের ভিত্তিতে বিভাগীয় কমিটি হতে প্রাপ্ত মনোনয়ন সংশোধনপূর্বক উপর্যুক্ত সমিতি বা সমবায়ীকে যে কোন ক্ষেত্রে পুরস্কারের জন্য মনোনীত করতে পারবে। | আগামি ০২.১১.২০১৯ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে জাতীয় সমবায় পুরস্কার ২০১৮ প্রদান করার কার্যক্রম চলমান রয়েছে। জাতীয় সমবায় পুরস্কার প্রদানের বাছাই কার্যক্রম চলমান রয়েছে। আগামি ০৩.১০.২০১৯ তারিখ বিকাল ৩.০০ জাতীয় সমবায় পুরস্কার ২০১৮ প্রদান সংক্রান্ত জাতীয় কমিটি সভা অনুষ্ঠিত হবে। |

01.10.19
আফরিন মোহাম্মদ আঁ
সহকারী প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বি.
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Sidhartha Sankar Kun
Deputy Secretary
Rural Development and Co-operatives
Ministry of Local Government
Rural Development and Co-op
Bangladesh Secretariat, D

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | মন্তব্য |
| --- | --- | --- | --- |
| (১) | (২) | (৩) | (৪) |
| ৩ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পল্লী উন্নয়ন একাডেমী, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী এর পদ সৃজন | সংশ্লিষ্ট দপ্তর /সংস্থার পদ সৃজন সংক্রান্ত পত্র পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক প্রশাসনিক অনুমোদনের পর বিদ্যমান বিধি/ বিধান অনুসরণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সম্মতি গ্রহণ করার পর প্রস্তাবিত পদের বেতন স্কেল অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ হতে যাচাই করা হয়। প্রশাসনিক উন্নয়ন কমিটির সুপারিশের ভিত্তিতে প্রযোজ্যক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়। | প্রতিষ্ঠান-১ শাখা থেকে বাপার্ড, প্রতিষ্ঠান-২ শাখা হতে বার্ড, কুমিল্লা এবং আরডিএ, বগুড়ার পদ সৃজন সেবাটি বিধি-বিধান অনুসরণপূর্বক জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের পর বেতনস্কেল যাচাই করে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশের ভিত্তিতে প্রযোজ্য ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে মঞ্জুরি আদেশ জারি হয়। |
| ৪ | জাতীয় পল্লী উন্নয়ন পদক মনোনয়ন ও প্রদান | ক) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বিভিন্ন পর্যায়ের বাছাই কমিটির নিকট যথাসময়ে ছক প্রেরণ করবে।<br>খ) উপজেলা কমিটি কর্তৃক বিভিন্ন শ্রেণী হতে শ্রেষ্ঠ অবস্থান বাছাই করে পর্যায়ক্রমে জেলা এবং বিভাগীয় কমিটি কর্তৃক বাছাইয়ের পর জাতীয় কমিটি কর্তৃক চূড়ান্তভাবে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ ব্যক্তি/ প্রতিষ্ঠানকে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়ে থাকে।<br>গ) জাতীয় পর্যায়ে পদকপ্রাপ্ত শ্রেষ্ঠ ব্যক্তি/ প্রতিষ্ঠান একবারই পদকের জন্য মনোনীত হবেন। | পল্লী উন্নয়নে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরুপ ২০১২ সালে ''জাতীয় পল্লী উন্নয়ন পদক'' প্রবর্তন করা হয়েছে। যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক ১০টি ক্যাটাগরিতে ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি এ পদকের জন্য নির্বাচিত করা হয়। বিগত ১৫.০৫.২০১৯ তারিখে ২০১৪-২০১৭ পর্যন্ত এ পদক প্রদানের জন্য জাতীয় কমিটির সভায় প্রার্থী নির্বাচন চূড়ান্ত করা হয়েছে। ২০১৮ সনের জন্য স্বর্ণ পদক প্রস্তুত ও সরবরাহের জন্য কার্যাদেশ দেয়া হয়েছে। ২০১২ হতে ২০১৭ পর্যন্ত জাতীয় পল্লী উন্নয়ন পদক বিতরণের জন্য পদক প্রস্তুতপূর্বক বাংলাদেশ সমবায় ব্যংকের ভল্টে জমা রাখা হয়েছে। প্রয়োজনীয় বাজেট সংস্থান না থাকায় পদক বিতরণ করা হয়নি। মহাপরিচালক, বিআরডিবি জানিয়েছেন, উক্ত স্বর্নপদক বিতরণ অনুষ্ঠান আয়োজনের জন্য ৯০ লক্ষ টাকা পাওয়া গেছে। পদক বিতরণ অনুষ্ঠান আয়োজনের জন্য ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। অচিরেই এ পদক বিতরণের জন্য বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হবে। |

০১.১০.১৯
আফরিন মোহাম্মদ আখি
সহকারী প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

...harma Sankar
Deputy Secretary

অভ্যন্তরীণ সেবা:

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | চিত্ত বিনোদন ছুটি | আবেদন পাওয়ার পর চিত্ত বিনোদনভাতা বিধিমালা, ১৯৭৯ অনুযায়ী নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়। | চিত্ত বিনোদনভাতা বিধিমালা, ১৯৭৯ এর আবেদনসমূহ উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে যথাসময়ে নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হচ্ছে। |
| ২ | অর্জিত ছুটি | আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়। | আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি করা হচ্ছে। |
| ৩ | অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ) | আবেদন পাওয়ার পর<br>(ক) নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়।<br>(খ) সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিদেশ ভ্রমণের অনুমতি ও আনুষঙ্গিক নির্দেশনা অনুসরণীয় | সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিদেশ ভ্রমণের অনুমতি ও আনুষঙ্গিক নির্দেশনা অনুসরণ করে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি করা হচ্ছে। |
| ৪ | সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরি | আবেদন পাওয়ার পর সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) সরকারি আদেশ জারি করা হয়। | সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি করা হচ্ছে। |
| ৫ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পদ সৃজন | বিদ্যমান বিধি/ বিধান অনুসরণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করার পর প্রস্তাবিত পদের বেতন স্কেল অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ হতে যাচাই করা হয়। প্রশাসনিক উন্নয়ন কমিটির সুপারিশের ভিত্তিতে প্রযোজ্যক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পদ সৃজন সেবাটি বিধা-বিধান অনুসরণপূর্বক জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের পর বেতনস্কেল যাচাই করে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশের ভিত্তিতে প্রযোজ্য ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে মঞ্জুরি আদেশ জারি করা হয়। |

Ankhi 01.10.17
আফরিন মোহাম্মদ আঁখি
সহকারী প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Sidhartha Sankar K
Deputy Secretary
Rural Development and Co-operative
Ministry of Local Government
Rural Development and Co
Bangladesh Secretariat